



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়



কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: bu.ac.bd

## প্রেস রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ের শেখ হাসিনা হলে বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ৩১ জুলাই ২০২২ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শেখ হাসিনা হলের আয়োজনে বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠান ২০২২ অনুষ্ঠিত হয়েছে। ৩১ জুলাই ২০২২ তারিখ বিকাল ৫ টায় বিশ্ববিদ্যালয়ের শেখ হাসিনা হলের মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। শেখ হাসিনা হলের প্রাধ্যক্ষ ড. রেহানা পারভীনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভাগীয় প্রধান, দপ্তর প্রধান, শিক্ষকমন্ডলীসহ শেখ হাসিনা হলের আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। এসময় বিদায়ী শিক্ষার্থীর মধ্যে বক্তব্য রাখেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের জিনিয়া নওরীন এবং নবীন শিক্ষার্থীদের মধ্যে লোক প্রশাসন বিভাগের লিমা বাউড়। অনুষ্ঠানে শেখ হাসিনা হলের নবাগত আবাসিক শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করে নেয়া হয় এবং বিদায়ী শিক্ষার্থীদের ক্রেস্ট দিয়ে সম্মাননা প্রদান করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন শেখ হাসিনা হলের সহকারী আবাসিক শিক্ষক সায়মা আক্তার। পরে শেখ হাসিনা হলের শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে



উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস